

উপজেলা পরিষদ
ফেঞ্চুগঞ্জ, সিলেট।

উপজেলা “ যোগাযোগ ও ভৌত অবকাঠামো সংক্রান্ত স্থায়ী কমিটির” সভায় কার্যবিবরণী:

সভাপতি	: মো: জাহিরুল ইসলাম ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট।
সভার স্থান	: সভাপতি মহোদয়ের কার্যালয়, ফেঞ্চুগঞ্জ।
সভার তারিখ ও সময়	: ১৩/০৭/২০২১খ্রি: দুপুর-১২:০০ ঘটিকা।
সভার উপস্থিত সদস্যবৃন্দ	: পরিশিষ্ট-ক

অন্য ১৩/০৭/২০২১খ্রি: তারিখ দুপুর ১২:০০ ঘটিকায় উপজেলা যোগাযোগ ও ভৌত অবকাঠামো সংক্রান্ত স্থায়ী কমিটির এক সভা উপজেলা ভাইস চেয়ারম্যান মহোদয়ের কার্যালয়ে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন জনাব জাহিরুল ইসলাম, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট।

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং সভা পরিচালনার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান।

১। আলোচনা ও সিদ্ধান্ত: সভায় উপজেলা প্রকৌশলী জানান অত্র উপজেলার মাইজগাঁও ইউনিয়ন পরিষদ অফিস থেকে দক্ষিণ ফেঞ্চুগঞ্জ বাজার পর্যন্ত রাস্তার চেইনেজ ৩,০০০মি. -৪,০২৬মি. পর্যন্ত অংশ সাম্প্রতিক বন্যা এবং অতি বৃষ্টিতে অত্যাধিক ক্ষতিগ্রস্ত হয়েছে। রাস্তাটি অত্যন্ত জনগুরুত্বপূর্ণ এবং রাস্তাটি দিয়ে প্রতিদিন শত শত ব্যক্তি এবং পরিবহন চলাচল করে। তাই রাস্তাটি জরুরী মেরামত করা প্রয়োজন।

২। অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় প্রস্তাবিত প্রকল্পটি স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের মাধ্যমে বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৩/০৭/২১

(মো: জাহিরুল ইসলাম)

ভাইস চেয়ারম্যান




উপজেলা পরিষদ

ও

সভাপতি

উপজেলা যোগাযোগ ও ভৌত অবকাঠামো সংক্রান্ত কমিটি
ফেঞ্চুগঞ্জ, সিলেট।

১৩/০৭/২০২১ খ্রি. তারিখে উপজেলা যোগাযোগ ও ভৌত অবকাঠামো সংক্রান্ত স্থায়ী কমিটির
উপস্থিতি হাজিরা সীট

ক্রমিক নং	নাম, পদবী ও কর্মস্থল	স্বাক্ষর
০১	জনাব মোঃ জাহিরুল ইসলাম, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ	
০২	জনাব মোঃ বদরুদ্দোজা চেয়ারম্যান, ১নং ফেঞ্চুগঞ্জ ইউপি	
০৩	জনাব আহমদ জিলু, চেয়ারম্যান, ৪নং উত্তর কুশিয়ারা ইউপি	
০৪	জনাব এমরান উদ্দিন চেয়ারম্যান, ৫নং উত্তর ফেঞ্চুগঞ্জ ইউপি	
০৫	জনাব সুদর্শন সরকার উপজেলা প্রকৌশলী	